অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/19/2021 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল 2021 সালে নিউ ইয়র্ক স্টেটের ক্যাম্প গ্রাউন্ডসমূহে রেকর্ড-সংখ্যক মানুষ থাকার ঘোষণা করলেন

2021 স্টেট পার্কস ক্যাম্প গ্রাউন্ডসমূহে রাত কাটানো মানুষের সংখ্যা পূর্বের 2019 রেকর্ড থেকে 15 শতাংশ বৃদ্ধি পেয়েছে

2021 DEC ক্যাম্প গ্রাউন্ডসমূহে রাত কাটানো মানুষের সংখ্যা পূর্বের 2016 রেকর্ড থেকে 10 শতাংশ বৃদ্ধি পেয়েছে

ক্যাম্প সাইট, কেবিন, কটেজ, ইয়ার্টে প্রায় 1.2 মিলিয়ন রাতে থেকেছে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে অফিস অফ পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজারভেশন (Office of Parks, Recreation and Historic Preservation) (স্টেট পার্কস, State Parks) এবং নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশন (Department of Environmental Conservation, DEC) পরিচালিত ক্যাম্প গ্রাউন্ডসমূহে রাত কাটানোর জন্য স্থান সংরক্ষণের সংখ্যা এই বছর রেকর্ড সর্বোচ্চ হয়েছে যেহেতু কোভিড-19 মহামারীর সময় দর্শনার্থীরা নিরাপদ, স্বাস্থ্যকর ও সাশ্রয়ী বিনোদনকে বরণ করে নিয়েছে।

কলম্বাস দিবস পর্যন্ত, স্টেট পার্কস ক্যাম্প সাইট, কেবিন, কটেজ, এবং ইয়ার্টগুলিতে রাতে ছিলো 787,103 জন, যা পূর্বের 2019 সালের রাতে থাকা রেকর্ড 684,820 জন থেকে 15 শতাংশ বেশি। DEC-র ক্যাম্প গ্রাউন্ডগুলিতে রাতে ছিলো 394,401 জন, যা পূর্বের 2016 সালের রাতে থাকা রেকর্ড 354,521 জন থেকে 10 শতাংশের বেশি।

"সংখ্যা মিথ্যা বলে না, মানুষ দেখিয়ে দিয়েছে যে তারা স্টেটের ক্যাম্প গ্রাউন্ডগুলির সুবিধার কতটা কদর করে, বিশেষ করে যখন মহামারী বাইরের উন্মুক্ত স্থানের বিনোদন অন্য যেকোনো সময়ের থেকে বেশি আকাঙ্ক্ষিত করেছে," **গভর্নর হোকল বলেন।** "আমাদের ক্যাম্প গ্রাউন্ডগুলি শুধু সাশ্রয়ী, পরিচ্ছন্ন, এবং নিরাপদই নয়, বরং এই স্থানগুলি নিউ ইয়র্কের পর্যটন অর্থনীতির জন্য অতি জরুরি, তাই আমার প্রশাসন ক্যাম্পারদের জন্য নিউ ইয়র্ককে শীর্ষ গন্তব্য হিসেবে ধরে রাখা নিশ্চিত করতে সম্ভাব্য সকল কিছু করতে থাকবে।"

গত এক দশক ধরে, যখন নিউ ইয়র্ক পার্কস 2020 (NY Parks 2020) মূলধন প্রোগ্রামের মাধ্যমে স্টেটব্যাপী উন্নয়ন করা হয়েছে, তখন স্টেট পার্কসে মোট রাত কাটানো মানুষের সংখ্যা প্রায় 45 শতাংশ বৃদ্ধি পেয়েছে।

স্টেট পার্কস পরিচালনা করে 68টি স্টেট পার্কস ক্যাম্প গ্রাউন্ড, যার মধ্যে রয়েছে 8,179টি ক্যাম্প সাইট, 825টি কেবিন, 18টি ইয়ার্ট, এবং 136টি পূর্ণ সেবার কটেজ যেখানে বিদ্যুৎ, রান্নাঘর, গোসলখানা, বিছানা, বসার ঘর, এবং উন্মুক্ত স্থানে থাকার ব্যবস্থার মতো সুবিধা রয়েছে।

স্টেট অফিস অফ পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজার্ভেশনের কমিশনার এরিক কুলেসিড বলেন, "জনসাধারণ যে আরেকবার স্টেট পার্কসের উপর ভরসা রাখছে তা তৃপ্তিদায়ক। যেহেতু আমরা মহামারী থেকে বের হয়ে আসছি, তাই নিরাপদ ও স্বাস্থ্যকর বিনোদনের স্থান প্রদান করা গুরুত্বপূর্ণ, এবং মানুষ নিঃসন্দেহে NY পার্কস 2020 উদ্যোগের অধীনে করা বহু উন্নয়ন উপভোগ করছে। আজকের দিনে বিনোদনের সময় কাটানোর জন্য মানুষের কাছে অনেক বিকল্প রয়েছে, এবং আমরা কৃতজ্ঞ যে এত মানুষ সময় কাটানোর আমাদের পার্কগুলিকে বেছে নিচ্ছে। আমরা অগ্রগতি অব্যাহত রাখতে চাই।"

DEC 52টি ক্যাম্প গ্রাউন্ড এবং অ্যাডিরনড্যাক ও ক্যাটস্কিল বনের সংরক্ষিত এলাকায় পাঁচটি দিনে-ব্যবহারের এলাকা পরিচালনা করে যেগুলি বিস্তৃত ধরনের অভিজ্ঞতা প্রদান করে যেমন দ্বীপে ক্যাম্পিং, তাঁবু ও ট্রেইলারে ক্যাম্পিং, নৌকা চড়ার সুবিধা, হাইক করার ট্রেইল, সৈকত এবং পিকনিক টেবিল ও গ্রিলসহ দিনে ব্যবহারের এলাকা। ক্যাম্পের মৌসুম চলে গ্রীষ্মজুড়ে, এবং কিছু স্থান শরতের পাতা ঝরা ও শিকারের মৌসুমের জন্য খোলা রাখা হয়। অ্যাডভেঞ্চার নিউ ইয়র্ক (Adventure NY) এবং অন্যান্য উদ্যোগের অধীনে, DEC এর ক্যাম্পিং ফ্যাসিলিটিগুলির উন্নয়ন করে যাচ্ছে, যার মধ্যে রয়েছে 2021 মৌসুমের জন্য করা বেশ কিছু যেমন নতুন শাওয়ার ও আরামের জায়গা, বিদ্যুৎ ও পানির ব্যবস্থা, এবং ফ্রন্টিয়ার টাউন ক্যাম্প গ্রাউন্ডে অশ্বারোহণ সম্পর্কিত উন্নয়ন।

DEC কমিশনার বেসিল সেগোস বলেন, "চলমান কোভিড-19 মহামারীর সময় যখন নিউ ইয়র্কবাসীরা নিরাপদে বাইরে যাওয়ার জন্য উদগ্রীব, তখন তারা জানে তাদের ঠিক কোথায় যাওয়া উচিত। নিউ ইয়র্ক স্টেটে ব্যাপক ভিন্ন ধরনের ক্যাম্প গ্রাউন্ড গন্তব্য রয়েছে যা সকলে উপভোগ করতে পারবে। এই বছর বেড়াতে আসা মানুষের রেকর্ড সংখ্যা দেখে আমি উৎসাহী এবং নিউ ইয়র্কের অ্যাডিরনড্যাক ও ক্যাটস্কিল পার্ক প্রদত্ত সুবিধা ভোগ করার জন্য তাদের ফেরত আসতে দেখতে চাই।"

2021 সালে নিউ ইয়র্ক স্টেট ক্যাম্পারদের জন্য একটি নতুন লয়ালটি/রিওয়ার্ড প্রোগ্রাম শুরু করে যেখানে তারা স্টেট পার্কসমূহ ও ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশন উভয়ের জন্য সকল স্টেট-মালিকানাধীন এবং স্টেট-পরিচালিত ক্যাম্প গ্রাউন্ডে রাত কাটানোর জন্য ব্যয় করা প্রত্যেক ডলারের জন্য পয়েন্ট উপার্জন করবে। এখন পর্যন্ত 55,800-র বেশি মানুষ নাম লিখিয়েছে। ক্যাম্পাররা নাম লেখানোর সাথে সাথে নতুন সংরক্ষণে পয়েন্ট উপার্জন শুরু করতে পারবে। প্রোগ্রামের ব্যাপারে আরো তথ্য জানতে এবং নিবন্ধন করতে, ভিজিট করুন https: https://bit.ly/3Ek7Hsp।

বছর অনুযায়ী স্টেট পার্কসে বুকিং হওয়া রাতের সংখ্যা:

2011- 541,771
2012- 578,428
2013- 583,016
2014- 594,441
2015- 623,991
2016- 650,857
2017- 648,420
2018- 663,953
2019- 684,820
2020- 597,188*
2021- 787,103**

বছর অনুযায়ী DEC ক্যাম্প গ্রাউন্ডসমূহে বুকিং হওয়া রাতের সংখ্যা:

2011 - 311,227
2012 - 333,334
2013 - 323,711
2014 - 326,363
2015 - 346,524
2016 - 354,521
2017 - 347,893
2018 - 349,630
2019 - 352,234
2020 - 284,275*
2021 - 394,401

*কোভিড সীমাবদ্ধতার কারণে পার্কের ক্যাম্প গ্রাউন্ডগুলি এপ্রিল, মে এবং জুনের শুরুর দিকে বন্ধ ছিলো
** 27 অক্টোবর পর্যন্ত মুলতুবি সংরক্ষণ যা ডিসেম্বর পর্যন্ত করা হয়েছে

স্টেট সিনেটর হোসে সেরানো বলেন, "আমি অতিশয় আনন্দিত যে নিউ ইয়র্কবাসীরা ও দর্শনার্থীরা যখন তারা কোভিড-19 মহামারী চলাকালীন নিরাপদ ও সাশ্রয়ী বিনোদনের সুযোগ খুঁজছে তখন তারা আমাদের স্টেটের ক্যাম্প গ্রাউন্ডের সন্ধান পাচ্ছে। ক্যাম্প গ্রাউন্ডে স্থান সংরক্ষণের রেকর্ড প্রবৃদ্ধি প্রদর্শন করে যে আমরা আরো বেশি সম্প্রদায়কে পার্কের সাথে সংযুক্ত করতে, নিউ ইয়র্কের দুর্দান্ত প্রাকৃতিক সৌন্দর্যের এবং বাইরের উন্মুক্ত স্থানের শারীরিক ও মানসিক স্বাস্থ্য সুবিধার কদর বৃদ্ধি করতে সফল হচ্ছি। আমি নিউ ইয়র্কবাসী যাতে আমাদের

মহান স্টেটের প্রাকৃতিক বিস্ময় উপভোগ করতে পারে তা নিশ্চিত করতে গভর্নর হোকল, কমিশনার কুলেসিড, এবং কমিশনার সেগোসের অঙ্গীকারের জন্য তাদের প্রশংসা করছি।"

অ্যাসেম্বলি সদস্য স্টিভ এঙ্গেলব্রাইট বলেন, "এটি একটি দারুণ সংবাদ, এবং প্রমাণ যে একটি বিস্তৃত স্টেট পার্ক ব্যবস্থা স্থাপনে নিউ ইয়র্ক স্টেটের অব্যাহত বিনিয়োগ প্রচেষ্টা ফলপ্রসূ। অ্যাসেম্বলি সদস্য স্টিভ এঙ্গেলব্রাইট বলেন, "এটি একটি দারুণ সংবাদ, এবং প্রমাণ যে একটি বিস্তৃত স্টেট পার্ক ব্যবস্থা স্থাপনে নিউ ইয়র্ক স্টেটের অব্যাহত বিনিয়োগ প্রচেষ্টা ফলপ্রসূ। আমারদের পার্ক ব্যবস্থায় স্টেটের বিনিয়োগ হল অর্থের ভালো ব্যবহার এবং আমাদের স্টেট পার্কগুলি হল এমন কিছু যা আমরা ভবিষ্যৎ প্রজন্মের জন্য রেখে যেতে পারবো।"

অ্যাসেম্বলি সদস্য ড্যানিয়েল ও'ডোনেল বলেন, "পর্যটন, শিল্প, পার্ক, এবং ক্রীড়া বিকাশ (Tourism, Arts, Parks, and Sports Development) অ্যাসেম্বলি কমিটির প্রধান হিসেবে, আমি আমাদের পার্কগুলিতে রেকর্ড সংখ্যক মানুষের ক্যাম্পিং করা দেখে অত্যন্ত খুশি। নিউ ইয়র্কে 180টির বেশি পার্ক ও 35টি ঐতিহাসিক স্থান রয়েছে, যার প্রত্যেকটি সম্প্রদায় বিকাশ, অর্থনৈতিক প্রবৃদ্ধি, ও ব্যক্তিগত স্বাস্থ্যের ক্ষেত্রে অবদান রাখে। এছাড়াও বর্ধিত উপস্থিতি সেই কথাই বলে যা আমরা দীর্ঘদিন ধরেই জানি: নিউ ইয়র্কের ল্যান্ডস্কেপের জন্য পার্কগুলি অত্যাবশ্যকীয়। আমি কৃতজ্ঞ যে গভর্নর হোকলকে পেয়ে যিনি পার্কের দৃঢ় সমর্থক, এবং আমি আমার সহকর্মীদের সাথে কাজ করে আরো বেশি নিউ ইয়র্কবাসীর জন্য পার্কের সুবিধা ভোগের সুযোগ করে দেওয়া নিশ্চিত করতে কাজ করতে ইচ্ছুক।"

স্টেট পার্কস ক্যাম্প গ্রাউন্ডে স্থান সংরক্ষণ করে রাখা যাবে রিজার্ভআমেরিকার (ReserveAmerica) মাধ্যমে, যা পুরো নিউ ইয়র্কের ক্যাম্প সাইটে অনলাইনে বা ফোনে স্থান সংরক্ষণ করতে দেয়। পরিকল্পিত আগমনের তারিখের অগ্রিম এক দিন থেকে নয় মাস পর্যন্ত ক্যাম্পগুলো এবং কেবিনের জন্য রিজার্ভেশন গ্রহণ করা হয়। ওয়েবসাইটটি ভিজিট করুন বা টোল ফ্রি নম্বর 1-800-456-2267 এ ফোন করুন।

নিউ ইয়র্ক স্টেট অফিস অব পার্কস, রিক্রিয়েশন এন্ড হিস্টরিক প্রিজারভেশন (New York State Office of Parks, Recreation and Historic Preservation) 250টিরও বেশি পার্ক, ঐতিহাসিক স্থান, বিনোদনমূলক ট্রেইল, গলফ কোর্স, বোট লঞ্চ এবং আরো অনেক কিছুর দেখভালের দায়িত্বে রয়েছে যা দেখার জন্য 2020 সালে রেকর্ড সংখ্যক 78 মিলিয়ন মানুষের আনাগোনা ঘটেছিল। এই বিনোদন এলাকাগুলোর যে কোনোটি সংক্রান্ত আরো তথ্যের জন্য কল করুন 518-474-0456 নম্বরে অথবা ভিজিট করুন www.parks.ny.gov, আমাদের সাথে সংযুক্ত হোন Facebook, অথবা আমাদের ফলো করুন Instagram, Twitterএ অথবা স্টেট পার্ক ব্লগে।

জননিরাপত্তা বৃদ্ধি করতে এবং দর্শনার্থীদের স্টেট-মালিকানাধীন ভূমিতে দায়িত্বশীল বিনোদন অনুশীলনে উৎসাহিত করতে, এই বসন্তে DEC লাভ আওয়ার নিউ ইয়র্ক ল্যান্ডস (Love Our New York Lands) ক্যাম্পেইন শুরু করেছে। ক্যাম্পেইনটি স্টেটের ভূমিতে, কোভিড-19 মহামারীর সময় এবং এর পূর্বের দশক উভয় ক্ষেত্রে ক্রমবর্ধমান দর্শনার্থীর সংখ্যার প্রতিক্রিয়ায় করা হয়েছে যেহেতু আরো বেশি নিউ ইয়র্কবাসী ও অন্য স্টেটের দর্শনার্থী নিউ ইয়র্কের ভূমির

প্রাকৃতিক সৌন্দর্যের ব্যাপারে জানতে পারছে। আরো বিস্তারিত ও তথ্যের জন্য, লাভ আওয়ার নিউ ইয়র্ক ল্যান্ডস ওয়েবপেজ ভিজিট করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418